# কৃষকের ধান বিক্রির দিন ও ক্রয় কেন্দ্র নিজেই স্থির করার পদ্ধতি

## খরিফ বিপণন মরশুম ২০২৩-২৪

Version 1.0 তারিখ: ০১.১১.২৩

২০২৩-২৪ খরিফ বিপণন মরশুমে https://epaddy.wb.gov.in/ ওয়েবসাইট-এ নথিভুক্ত কৃষকই শুধুমাত্র সরকারি স্থায়ী বা অস্থায়ী ধান ক্রয় কেন্দ্রে ধান বিক্রি করতে পারবেন। নথিভুক্তির সময়ে আধার, ব্যাঙ্ক একাউন্ট ও কৃষক বন্ধু প্রমাণীকৃত থাকলে কৃষক তাঁর ধান বিক্রির জন্য ক্রয় কেন্দ্র ও দিন স্থির করতে পারবেন ।


অ-নথিভুক্ত বর্গাদার হলে অর্থাৎ কৃষক বন্ধুতে নথিভুক্ত না থাকলে একটি স্ব-ঘোষণাপত্র দিয়ে কৃষক ধান বিক্রির জন্য ক্রয় কেন্দ্র ও দিন স্থির করতে পারবেন।

এই কেন্দ্র ও দিন স্থির করার পদ্ধতি নিচে দেওয়া হলো:

১। কৃষক ওয়েবসাইটের Home page-এ 'farmer Self-Schedule' মেনুতে যাবেন।





২। কৃষক তাঁর রেজিস্ট্রেশন নম্বরটি দেবেন এবং ক্যাপচা দেওয়ার পর Submit বোতামটি টিপবেন।



৩। এতে তাঁর আধার-সংযুক্ত মোবাইলে OTP একটি যাবে। কৃষক OTPটি দেবেন এবং Submit বোতাম টিপবেন।





৪। এবারে কৃষক এখনো পর্যন্ত কত ধান বিক্রি করেছেন, শেষ ধান বিক্রির তারিখ ও ধান বিক্রির কেন্দ্র দেখানো হবে। এরপরে তিনি আরো কতটা ধান বিক্রি করতে পারবেন সেটিও তিনি দেখতে পাবেন। তিনি Confirm & Proceed বোতাম টিপে পরবর্তী ধাপে এগিয়ে যাবেন।



৫। ধান ক্রয় কেন্দ্র স্থির করার জন্য কৃষকের বাসস্থানের জেলার (পরিবর্তন করা যাবে না) মধ্যে যেকোনো একটি ব্লক বেছে নেবেন ও সেই ব্লকে অবস্থিত যেকোনো একটি ধান ক্রয় কেন্দ্র বেছে নেবেন এবং Submit বোতাম টিপবেন।




৬। এবারে উপরে দেখানো ক্যালেন্ডার থেকে কৃষক তাঁর ধান বিক্রির জন্য একটি দিন বেছে নেবেন । আগামী ৩০ দিনের মধ্যে সরকারি ছুটির দিন ছাড়া যেকোনো দিন বেছে নেওয়া যাবে । দিনটি বেছে নিয়ে কৃষক Submit বোতাম টিপবেন।




৭। স্ক্রিনে দেখানো নির্ঘণ্ট অনুযায়ী কৃষক যেকোনো একটি স্লট বেছে নেবেন ।





৮। এরপর স্ক্রিনের নিচে দেখানো বোতামটি টিপতে হবে ।




৯। কৃষকের বুকিং স্লিপটি এখন তৈরি। এখানে কৃষকের বেছে নেওয়া ক্রয় কেন্দ্র, ধান বিক্রির দিন ও স্লটের পরিষ্কার উল্লেখ থাকবে। Download & Print বোতামটি টিপে কৃষক স্লিপটি ডাউনলোড করে নেবেন। ধান বিক্রির দিন ক্রয় কেন্দ্রে যাওয়ার সময়ে অবশ্যই এই স্লিপ এবং আধার-সংযুক্ত মোবাইল-টি কৃষক সঙ্গে রাখবেন।




১০। একইসঙ্গে কৃষকের এই পোর্টালের দেওয়া মোবাইল নম্বরে তাঁর স্থির করা schedule-টি SMS-এর মাধ্যমেও জানানো হবে ।

